অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/5/2024 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কের শিক্ষার্থীরা শ্রেণীকক্ষে ফিরছে তাই গভর্নর হোকল শিক্ষার্থী ও পিতামাতাকে সমর্থন করার জন্য বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা S.9701/A.10209 পিতামাতার জন্য তাদের সন্তানদের কলেজ টিউশন সঞ্চয় করা সহজতর করে

বিধিমালা S.9018A/A.9855A শিক্ষা বোর্ডে কমপক্ষে একজন শিক্ষার্থী সদস্যকে অন্তর্ভুক্ত করতে একটি প্রক্রিয়া প্রতিষ্ঠা করা স্কুল জেলাসমূহের জন্য আবশ্যক করে

বিধিমালা S.9016/A.9934 সিরাকিউজ বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, শিল্প এবং গণিত হাই স্কুলের নামকরণ করে

ছবি এখানে আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে সিরাকিউজে বিধিমালা স্বাক্ষর করেন যা শিক্ষার্থী এবং পিতামাতাকে সমর্থন করবে। বিধিমালা S.9701/A.10209 ফেডারেল কর আইনের সাথে সংগতিপূর্ণভাবে 529 অ্যাকাউন্টের সম্প্রসারিত ব্যবহারের অনুমতি প্রদান করার মাধ্যমে পিতামাতার জন্য তাদের সন্তানের কলেজ টিউশন সঞ্চয় করা সহজতর করে। বিধিমালা S.9018A/A.9855A বর্তমান আইনকে সংশোধিত করে শিক্ষা বোর্ডে কমপক্ষে একজন এক্স-অফিসিও, ভোট দিতে পারবে না এমন শিক্ষার্থী সদস্যকে অন্তর্ভুক্ত করার একটি প্রক্রিয়া প্রতিষ্ঠা করা হাই স্কুল রয়েছে এমন সকল স্কুল জেলার জন্য আবশ্যক করে। এছাড়াও বিলটি বর্তমান আইনের এই আবশ্যিকতাকে অপসারণ করে যে এমন শিক্ষার্থী সদস্যের আসনকে জেলার ভোটারদের রেফারেন্ডাম দ্বারা অনুমোদিত হতে হবে। বিধিমালা S.9016/A.9934 সিরাকিউজ সার্বিক শিক্ষা ও কর্মশক্তি প্রশিক্ষণ কেন্দ্রের (Syracuse Comprehensive Education and Workforce Training Center) নাম সিরাকিউজ বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, শিল্প এবং গণিত (Science, Technology, Engineering, Arts and Mathematics, STEAM) হাই স্কুল হিসেবে পুনরায় প্রতিষ্ঠা করে।

"মহান নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত সাফল্য এবং বিকাশে আমাদের শিক্ষা ব্যবস্থা একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে," **গভর্নর হোকল বলেন।** "নতুন এইসব বিলের কারণে নিউ

ইয়র্ক মানসম্পন্ন ও সমতার শিক্ষা প্রদান করার ক্ষেত্রে দেশের মধ্যে শীর্ষ একটি অবস্থান ধরে রাখবে বলে আমি আত্মবিশ্বাসী।"

যোগ্য শিক্ষা ঋণে মূলধন বা সুদের পেমেন্টের এবং সেই সাথে রথ স্বতন্ত্র অবসর অ্যাকাউন্টে অ্যাকাউন্টের (Individual Retirement Accounts, IRA) রোলওভারকে নিউ ইয়র্ক স্টেটের কলেজ চয়েস টিউশন সঞ্চয় অ্যাকাউন্ট, যা "529 অ্যাকাউন্ট" নামে পরিচিত, তার থেকে যোগ্য উত্তোলনের শ্রেণীবিন্যাস করতে শিক্ষা আইনকে **বিধিমালা S.9701/A.10209** সংশোধিত করে। এটি মানুষের জন্য অবশিষ্ট তহবিলের যোগ্য ব্যবহারকে সম্প্রসারিত করার মাধ্যমে তাদের সন্তানদের কলেজের জন্য সঞ্চয়কে সহজতর করবে। এছাড়াও এই পরিবর্তনটি 529 অ্যাকাউন্টের যোগ্য শিক্ষা সংক্রান্ত ব্যয় নিয়ন্ত্রণ করা ফেডারেল আইনের সাথে নিউ ইয়র্কের আইনকে সংগতিপূর্ণ করে। গবেষণায় দেখা গেছে যে কলেজ সঞ্চয় অ্যাকাউন্টসহ শিক্ষার্থীদের কলেজে যাওয়ার সম্ভাবনা যাদের এই অ্যাকাউন্ট নেই তাদের তুলনায় বেশি। কলেজ ব্যয় পরিশোধের জন্য সীমাবদ্ধ ব্যবহারের বাইরেও অতিরিক্ত অনুমোদিত অর্থ নিশ্চিত করার মাধ্যমে এই বিলটি কলেজ সঞ্চয়ের ক্ষেত্রে একটি প্রতিবন্ধকতা অপসারণ করে।

স্টেটের সিনেটর টবি অ্যান স্টাভিস্কি বলেন, "নিউ ইয়র্কের 529 কলেজ সঞ্চয় কর্মসূচিটি (College Savings Program) বর্তমানে ফেডারেল আইনের সাথে সংগতিপূর্ণ নয় যেটিকে গত পাঁচ বছরে দুইবার সংশোধিত করা হয়েছে। আমার বিধিমালাটি নিশ্চিত করে যাতে নিউ ইয়র্ক ফেডারেল আইনকে সংবিধিবদ্ধ করে। ফলস্বরূপ, শিক্ষার্থী ও তাদের পরিবারের জন্য কলেজের জন্য সঞ্চয় করা এবং পরিশেষে শিক্ষার্থীর ঋণ পরিশোধ করা সহজতর হবে। এই বিধিমালাটি স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে, এর কোস্পন্সর হওয়ার জন্য সিনেটর চুকে এবং অ্যাসেম্বলির স্পন্সর হওয়ার জন্য অ্যাসেম্বলিম্যান ম্যাকডোনাল্ডকে আমি ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য জন টি ম্যাকডোনাল্ড দ্য থার্ড, RPh বলেন, "একজন নাগরিকের কাছ থেকে এই বিষয়ে জানার পর ফেডারেল ও স্টেট আইনের মধ্যকার অসংগতি সঠিক করতে আমি নতুন এই আইনটির স্পন্সর করি। অব্যবহৃত 529 সঞ্চয় অ্যাকাউন্টের তহবিলকে একটি রথ IRA এর রোলওভার অ্যাকাউন্ট প্রসিডস হিসেবে ব্যবহার করার অনুমতি প্রদানকারী ফেডারেল একটি আইনকে এই ব্যবস্থাটি বাস্তবায়ন করে। এই ব্যবস্থাটি 529 কলেজ সঞ্চয় অ্যাকাউন্ট এবং রথ IRA উভয়ে বিনিয়োগ করার প্রণোদনা প্রদান করছে। S.9701/A.10209 কে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ এবং এই বিধিমালায় আমার সাথে কাজ করার জন্য নিউ ইয়র্ক স্টেটের কম্পট্রোলারের অফিসকে ধন্যবাদ।"

বিধিমালা S.9018A/A.9855A বর্তমান আইনকে সংশোধন করে শিক্ষা বোর্ডে কমপক্ষে একজন এক্স-অফিসিও, ভোট দিতে পারবে না এমন শিক্ষার্থী সদস্যকে অন্তর্ভুক্ত করার একটি প্রক্রিয়া প্রতিষ্ঠা করা নিউ ইয়র্ক সিটির বাইরে হাই স্কুল রয়েছে এমন সকল স্কুল জেলার জন্য এবং সকল সমবায় শিক্ষামূলক সেবা বোর্ডের (Boards of Cooperative Educational Service, BOCES) জন্য আবশ্যক করে। এছাড়াও এটি বর্তমান আইনের এই আবশ্যিকতাকে অপসারণ করে যে এমন শিক্ষার্থী সদস্যের আসনকে জেলার ভোটারদের রেফারেন্ডাম দ্বারা অনুমোদিত হতে হবে। এছাড়াও বিলটি একজন শিক্ষার্থী সদস্যকে অবশ্যই সেই স্কুলের সিনিয়র হতে হবে এই

বাধ্যবাধকতাটি অপসারণ করবে এবং এর পরিবর্তে এটি আবশ্যিক করবে যে শিক্ষার্থী সদস্যকে অবশ্যই বোর্ডের নির্বাচনের পূর্বে কমপক্ষে এক বছরের জন্য হাই স্কুলে পড়তে হবে।

স্টেটের সিনেটর শেলি বি মায়ার বলেন, "স্কুল জেলা এবং BOCES এর জন্য কমপক্ষে একজন এক্স-অফিসিও শিক্ষার্থীকে স্কুল বোর্ডের সদস্য হিসেবে নিয়োগ দান আবশ্যক করা আমার বিলটিকে যে গভর্নর হোকল আইন হিসেবে স্বাক্ষর করেছেন তার জন্য আমি অত্যন্ত আনন্দিত। স্কুল বোর্ড শিক্ষার্থীদের শিক্ষামূলক অভিজ্ঞতার আকৃতি প্রদান করে কিন্তু তারা সবসময় সেই শিক্ষার্থীদের বক্তব্যকে অন্তর্ভুক্ত করে না যাদের জন্য তারা কাজ করে। এই বিধিমালাটি শিক্ষার্থীদেরকে তাদের সককুলের সম্প্রদায়ের সাথে জড়িত হওয়ার এবং নাগরিক জড়িতকরণের অভ্যাস গঠন করার নতুন সুযোগ প্রদান করবে যা তাদের সারা জীবন কাজে লাগবে। এক্স-অফিসিও বোর্ডের সদস্যরা তাদের নিজেদের বক্তব্যের ক্ষমতা শিখবে, এবং ভিন্ন দৃষ্টিভঙ্গি রয়েছে এমন কারো কথা সম্মানের সাথে শুনতে এবং আলাপ করার গুরুত্ব শিখবে, এবং একই সাথে বোর্ডের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মূল্যবান ও অনন্য দৃষ্টিভঙ্গি নিয়ে আসবে। এই বিধিমালায় তার অংশীদারিত্বের জন্য অ্যাসেম্বলির সদস্য ক্যারি ওয়র্নারকে এবং আজকে এটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে আমি ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলির সদস্য ক্যারি ওয়র্নার বলেন, "স্কুল বোর্ডের একজন সাবেক হাই স্কুল শিক্ষার্থী সদস্য হিসেবে আমি নিজের অভিজ্ঞতা থেকে জানি আমার স্কুলের শিক্ষার্থী প্রতিনিধি হতে পারা এবং সকল স্কুল বোর্ড সম্পর্কিত বিষয়ে শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি প্রদান করা কী দারুণ একটি অভিজ্ঞতা ছিলো। আমাদের পুরো স্টেটের হাই স্কুলের শিক্ষার্থীদের কাছেও এখন বিশাল এই শেখার অভিজ্ঞতা থাকবে বলে আমি অতি আনন্দিত।"

বিধিমালা S.9016/A.9934 সিরাকিউজ বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, শিল্প এবং গণিত হাই স্কুলের আনুষ্ঠানিক নাম প্রতিষ্ঠা করে। এর উদ্দেশ্য হলো সিরাকিউজ আঞ্চলিক STEAM স্কুল যাতে এর অভিপ্রেত নাম ও কর্মকাণ্ডের সাথে সংগতিপূর্ণ হতে পারে তা সম্ভব করা করা বিধিমালার সংশোধন।

স্টেটের সিনেটর র‍্যাচেল মে বলেন, "সেন্ট্রাল টেক হাই স্কুলটি পুরো অঞ্চলের শিক্ষার্থীদের জন্য একটি রূপান্তরমূলক সুযোগ হবে, যা তাদেরকে গ্র্যাজুয়েশনের পর একটি ক্যারিয়ারের সরাসরি পথ প্রদান করবে। নিউ ইয়র্কের এই অনন্য স্কুলটির জন্য অ্যালবানিতে তহবিল পাওয়ার প্রয়াসের নেতৃত্ব দিতে পেরে আমি গর্বিত। আমার বিলটি আনুষ্ঠানিকভাবে সিরাকিউজ আঞ্চলিক STEAM স্কুলের নাম পরিবর্তন করে দিবে, তাই আমরা এখন এমন ভবিষ্যতের জন্য উন্মুখ হয়ে আছি যখন শিক্ষার্থীরা শ্রেণীকক্ষকে ভরে দিবে, যা তাদেরকে সফল ও সন্তোষজনক ক্যারিয়ারের জন্য প্রস্তুত করবে। পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কের শিক্ষার্থীদের জন্য মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য তাকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "STEAM হাই স্কুল একটি যথাসময়ের শিক্ষা উদ্যোগ যা মাইক্রন এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক এলাকায় আসছে এমন অন্যান্য সেমিকন্ডাক্টর প্রস্তুতকারকদের কর্মশক্তির চাহিদা পূরণ করতে সিরাকিউজকে সাহায্য করবে। CNY STEAM স্কুল প্রতিষ্ঠা করা এবং পুরোনো সেন্ট্রাল টেকের সংস্কারের জন্য স্টেটের

অর্থায়নের অনুমোদন প্রদান করা অ্যাসেম্বলির বিধিমালার স্পন্সর হিসেবে আমি সেই দিন দেখার জন্য উন্মুখ যখন সেন্ট্রাল নিউ ইয়র্কের শিক্ষার্থীরা CNY STEAM স্কুলে বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, শিল্প এবং গণিতে প্রথম শ্রেণীর শিক্ষা লাভ করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন